

**বাংলাদেশ**

## মেডিকেল কলেজে ভর্তি: প্রশ্নপত্র ফাঁসে জড়িত অভিযোগে গ্রেপ্তার ৭ চিকিৎসব

নিজস্ব প্রতিবেদক ঢাকা



মেডিকেলে কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে সাতজন চিকিৎসকসহ ১২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশের অপরাধ ও তদন্ত বিভাগ (সিআইডি)। আজ শনিবার অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করা হয়েছে।

আজ রাতে এক খুদে বার্তায় সিআইডির পক্ষ থেকে এই তথ্য জানানো হয়েছে। এ বিষয়ে রোববার সংবাদ সম্মেলনে বিস্তারিত তথ্য জানানো হবে বলে জানিয়েছেন সিআইডির প্রধান মোহাম্মদ আলী মিয়া।

নাম প্রকাশ না করার শর্তে সিতাইডির একজন উর্ধ্বর্তন কর্মকর্তা প্রথম আলোকে বলেন, মেডিকেল কলেজে পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসে জড়িত থাকার অভিযোগে সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজ হাসপাতালে কর্মরত সাতজন চিকিৎসককে গ্রেপ্তার করা হয়েছে।



 **prothomalo.com**

---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো